

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭০৪

কমলপুর, ১৭ নভেম্বর, ২০২৩

কমলপুর নগর পঞ্চায়েতভিত্তিক যুব উৎসব

কমলপুর নগর পঞ্চায়েতভিত্তিক যুব উৎসব আজ অনুষ্ঠিত হয় কমলপুর নজরুল ভবনে। যুব উৎসবের উদ্বোধন করেন নগর পঞ্চায়েতের কাউন্সিলার দীপ্তি দে ভৌমিক। উপস্থিত ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহঅধিকর্তা ধীমান বিশ্বাস, কমলপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের সহকারি প্রধান শিক্ষক কিশোর রায়, কমলপুর ইংরেজি মাধ্যম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের সহকারি প্রধান শিক্ষক অভিজিৎ রায়, সাংস্কৃতিক ব্যক্তিত্ব অনিতা ভট্টাচার্য। এদিন যুব উৎসবে নগর পঞ্চায়েত এলাকার ১১টি ওয়ার্ডের ১৫ থেকে ২৯ বছর বয়সী যুবক যুবতীরা বিভিন্ন বিষয়ে আয়োজিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। সমবেত লোকনৃত্য প্রতিযোগিতায় ৩টি দল, সমবেত লোক সংগীতে ৪টি দল, ব্যক্তিগত সংগীতে ৫ জন এবং পেইন্টিংয়ে ৪ জন অংশগ্রহণ করেন।
